



পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

প্রধান কার্যালয়ঃ বাড়ী নং-০৫, এভিনিউ-০৩, হাজী রোড, রূপনগর বা/এ,
মিরপুর-২, ঢাকা-১২১৬



ପ୍ରିୟ ସହକର୍ମୀବ୍ରନ୍ଦ,

সবাইকে ইংরেজী নববর্ষ ২০১৭ এর শুভেচ্ছা। আপনারা নিশ্চয় অবগত আছেন যে, পিডিবিএফ এর বোর্ড অব গভর্নর্স এর ৬৯তম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে এবং মন্ত্রণালয়ের সিদ্ধান্তের প্রেক্ষিতে আমাকে ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্ব প্রদান করা হয়। এহেন পরিবর্তিত পরিস্থিতিতে সকল গুজব এবং প্রপাগান্ডাকে গুরুত্ব না দিয়ে আপনারা যেভাবে ধৈর্যের পরিচয় দিয়ে মাঠের সকল কার্যক্রম সহ আপনাদের উপর অর্পিত সকল দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করে যাচ্ছেন তার জন্য আপনাদের প্রতি কৃতজ্ঞতা জানাই।

এ প্রতিষ্ঠানটি সরকারী বা বেসরকারী কোন প্রতিষ্ঠানের অনুদান ব্যতিত নিজস্ব আর্থিক ব্যবস্থাপনায় সার্বিক ব্যয়ভার পরিচালনা করে আসছে। এ প্রতিষ্ঠানের বিপুল সংখ্যক কর্মকর্তা কর্মচারী সরকারী বেতন ক্ষেত্রে বেতন ও অন্যান্য সুযোগ সুবিধা ভোগ করে থাকে। কিন্তু সরকার বা অন্য কোন প্রতিষ্ঠান থেকে বেতন ভাতা ও আনুষাঙ্গিক খরচ বাবদ সরাসরি কোনরূপ আর্থিক সহায়তা পায়না বরং সার্বিক ব্যয়ভার নিজস্ব উপর্যুক্ত চালাতে হয়।

আপনারা অবগত আছেন, বেতন ক্ষেত্র ২০১৫ এর পূর্ণ বাস্তবায়নের ফলে পিডিবিএফ এর পরিচালন ব্যয় অত্যধিক বৃদ্ধি পেয়েছে যা আমাদেরকে নিজেদের আয় করেই যোগান দিতে হবে। এই বর্ধিত ব্যয় নির্বাহের জন্য ইতোমধ্যে আপনাদেরকে সাথে নিয়েই একটি কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে যেখানে ১৭৫০ কোটি টাকা বিতরণ সহ অন্যান্য সূচকের বেশ বড় অংকের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ লক্ষ্যমাত্রা অর্জনের উপর আমাদের প্রতিষ্ঠানের ভবিষ্যৎ নির্ভর করছে। আর এ লক্ষ্যমাত্রা অর্জন নির্ভর করছে পিডিবিএফ এর সকল সম্পদ রক্ষা, সম্পদের পূর্ণাঙ্গ ব্যবহার, আর্থিক কৃচ্ছতা সাধনসহ সার্বিক আর্থিক দক্ষতা অর্জনের উপর। আমরা জানি মাঠে যারা কাজ করছেন তারা সহ পিডিবিএফ এর সকল পর্যায়ের সহকর্মীবৃন্দ এ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য দিনরাত পরিশ্রম করে যাচ্ছেন। পিডিবিএফ বর্তমানে একটি গুরুত্বপূর্ণ সময় পরিভ্রমণ করছে। আমরা বিশ্বাস করি সকলে যদি আন্তরিকতা ও নিষ্ঠার সাথে আমাদের উপর অর্পিত দায়িত্ব সুচারূপে পালন করে যাই তাহলে যেকোন বাধা অতিক্রম করে আমাদের অভিষ্ঠ লক্ষ্যে পৌঁছাবই।

সবাইকে ধৈর্য এবং সাহসিকতার সাথে যেকোন প্রতিকূল পরিস্থিতির মোকাবেলা করে বাংলাদেশের দারিদ্র্যমুক্তির লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর হাতে গড়া প্রতিষ্ঠানকে দৃঢ় ভিত্তির উপর দাঁড় করানোর মধ্য দিয়ে বর্তমান সরকারের ভিশন ২০২১ অর্জনের পথে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার আহ্বান জানাই।

পরিশেষে সকলের সুসান্ধ্য ও মঙ্গল কামনা করছি।

ମଦନ ମୋହନ ସାହା

ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক

জানুয়ারী ০৮, ২০১৭